GENERAL PUBLIC IS HEREBY CAUTIONED not to enter into any agreement, understanding, or financial transaction whatsoever-whether by way of agreement for sale, sale, lease, transfer, or otherwise-in respect of any land, tea gardens, or assets belonging to Duncans Industries Limited with any individual, group, or entity claiming authority unless verified directly through the office of the undersigned.
Any person dealing with such fraudulent parties or entering into unauthorized transactions shall do so entirely at their own risk, cost, and peril. The company, the Monitoring Committee, and its representatives shall not be responsible or liable for any loss, damage, or claims arising therefrom.
Strict civil and criminal legal action is being initiated against all persons involved in such illegal and fraudulent land dealings.

Issued by:
Ram Ratan Modi
Chairman, Monitoring Committee
(Erstwhile Resolution Professional)
Duncans Industries Limited
Email: duncansindustries.cirp@gmail.com

EAST COAST RAILWAY

Tender Notice No. ST-OT-EXTEN-PF-CAP-597 Dt. 17.11.2026

Name of Work: CAP extension of platform Nos 3 & 4 to accomodate 24/26 coaches length trains at Chhatrapur (CAP).

Tender Value (in ₹): 1,35,66,199.90, EMD: ₹ **2,71,300.00,** TDC (in ₹): **NIL.**

Bidding Start Date: **25.11.2026**

Date of Closing of Tender:
09.12.2026 at 11.00 Hrs.

No manual offers send by post/ courier/FAX or in person shall be accepted against the e-tenders. Even if these are submitted on firms letter head and receipt in time. All such manual offers shall be considered invalid and shall be rejected summarily without any consideration. Complete information including e-tender documents of the above e-tender is available in website **http:// www.ireps.gov.in**.

NOTE: The prospective tenderers are advised to revisit the website 15 days before the date of closing of tender to note any changes /corrigenda issued for this tender. Website **http://www.ireps.gov.in**.

Sr. Divl. Signal & Telecom Engineer
PR-577/R/26-27 **Khurda Road**

FUSION

FUSION CX LIMITED

(formerly: Fusion CX Private Limited; earlier: Xplore-Tech Services Private Limited)
CIN: U72900WB2004PLC097921
Registered Office: Plot No. Y9, Block EP & GP, Sector 5, Bidhan Nagar, Salt Lake, Kolkata – 700 091, West Bengal; • **Tel. No.:** +91-33-4508 6520 / +91-90736 93564
• **E-mail:** secretarial@fusioncx.com • **Website:** https://www.fusioncx.com

INFORMATION REGARDING 23RD ANNUAL GENERAL MEETING AND DIVIDEND

The 23rd Annual General Meeting ("AGM") of the Members of Fusion CX Limited ("the Company") will be held on **Monday, December 14, 2026 at 5:00 P.M. (IST)** through Video Conferencing ("VC") / Other Audio Visual Means ("OAVM") in compliance with all applicable provisions of the Companies Act, 2013 and the rules made thereunder read with applicable circulars issued by the Ministry of Corporate Affairs ("MCA"), from time to time (the latest being General Circular No. 03/2025 dated September 22, 2025), and applicable circulars issued by the Securities and Exchange Board of India ("SEBI"), to transact the business set out in the Notice convening the AGM.

The Notice of the 23rd AGM and the Annual Report for the financial year 2025-26 will be available on the Company's website at https://www.fusioncx.com, on the websites of the Stock Exchanges, i.e., BSE Limited at www.bseindia.com and National Stock Exchange of India Limited at www.nseindia.com and on the website of Central Depository Services (India) Limited ("CDSL") at www.evotingindia.com.

The Annual Report for the financial year 2025-26 along with the Notice of the 23rd AGM will be sent through e-mail to those Members whose e-mail addresses are registered with the Company / Depositories / Depository Participants ("DPs") / Registrar and Share Transfer Agent ("RTA"), KFin Technologies Limited. Further, in terms of Regulation 36(1)(b) of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, a letter providing the web-link (including the exact path) where complete details of the Annual Report are available will be sent to those Members whose e-mail addresses are not registered with the Company / Depositories / RTA. Physical copies of the Notice and Annual Report will be sent to Members who specifically request the same.

The Board of Directors has recommended a dividend of **₹0.75 (75%) per equity share** of face value ₹1/- each for the financial year 2025-26, subject to approval of the Members at the AGM. If declared, the dividend will be paid within 30 days strictly through electronic mode (in terms of Regulation 12 of the SEBI LODR Regulations) to Members whose names appear in the Register of Members / Beneficial Owners as on the **Record Date, i.e., Friday, November 27, 2026,** subject to deduction of tax at source ("TDS") as applicable under the Income-tax Act, 2025.

Manner of registering/updating personal details:

- Members holding shares in **physical form,** who have not registered/updated their e-mail address or other particulars such as PAN, KYC, and bank account details, are requested to register/update the same by submitting duly filled-in Form ISR-1 (along with Forms ISR-2, ISR-3, SH-13 / SH-14, as applicable) and requisite documents to the Company's RTA, **KFin Technologies Limited,** Selenium Tower B, Plot 31 & 32, Financial District, Nanakramguda, Serilingampally Mandal, Hyderabad – 500032, Telangana, India (Toll-Free No.: 1800-309-4001; E-mail: einward.ris@kfintech.com).
- Members holding shares in **electronic (demat) form,** who have not registered/ updated their e-mail address and other particulars (including bank account details), are requested to register/update the same with their respective DP.

Registration/updation of e-mail address will ensure smooth receipt of the Annual Report and AGM Notice on the registered e-mail address. Further, updation of bank account details will ensure that the dividend, if approved by the Members at the AGM, is credited directly to the Member's bank account electronically.

Manner of casting vote(s):

Members can cast their vote(s) on the business set out in the Notice convening the AGM through remote e-voting provided by CDSL. The remote e-voting period will commence on **Friday, December 11, 2026 at 9:00 A.M. (IST)** and end on **Sunday, December 13, 2026 at 5:00 P.M. (IST)** for Members holding shares as on the cut-off date, i.e., **Tuesday, December 8, 2026.** The detailed manner of remote e-voting by Members (including Members holding shares in demat mode, physical mode, and those who have not registered their e-mail addresses) has been provided in the AGM Notice. Members attending the AGM through VC/OAVM who have not cast their vote(s) through remote e-voting will be able to vote at the AGM through the e-voting system provided by CDSL.

For **Fusion CX Limited**
Sd/-
Barun Singh
Place: Kolkata Company Secretary and Compliance Officer
Date: November 21, 2026 Membership No.: A32887

ঘূর্ণিঝড়ের প্রভাব কাটতেই ফিরল চেনা ছন্দ, সপ্তাহান্তের ছুটিতে দিঘায় পর্যটকদের ঢল

নিজস্ব প্রতিনিধি, দিঘা, ২১ নভেম্বর : ঘূর্ণিঝড় 'আকভানের' প্রভাব কমতেই পশ্চিমবঙ্গের অন্যতম প্রধান সমুদ্র সৈকত দিঘায় ফের চেনা ছন্দ ও প্রাণচাঞ্চল্য ফিরতে শুরু করেছে। শনিবার সকাল থেকেই আকাশ পরিষ্কার হয়ে ঝকমকে রোদ ওঠার পর সমুদ্র সৈকতে পর্যটকদের ভিড় বাড়তে দেখা গেছে। সপ্তাহান্তের ছুটিকে কেন্দ্র করে দিঘার পাশাপাশি মন্দারমণি এবং তাজপুরেও পর্যটকদের আনাগোনা বাড়ছে। এর ফলে দীর্ঘ কয়েক দিনের মন্দা কাটিয়ে স্বস্তির নিঃশ্বাস ফেলছেন স্থানীয় হোটেল ব্যবসায়ী এবং ছোট-বড় দোকানদাররা। উল্লেখ্য, ঘূর্ণিঝড় 'আকভান'-এর প্রভাবে গত তিন দিন ধরে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় একটানা বৃষ্টি ও ঝোড়ো হাওয়া বয়ে গিয়েছিল। প্রতিকূল আবহাওয়ার কথা মাথায় রেখে প্রশাসনের পক্ষ থেকে সমুদ্রে স্নান করার ওপর কড়া নিষেধাজ্ঞা জারি করা হয়েছিল। এর জেরে দিঘার সমুদ্র সৈকত কার্যত পর্যটকশূন্য হয়ে পড়েছিল এবং হোটেলগুলির বুকিংও তলানিতে এসে ঠেকেছিল। ফলে হোটেল মালিকদের পাশাপাশি স্থানীয় দোকানদার ও পর্যটন নির্ভর ব্যবসায়ীদের চরম আর্থিক ক্ষতির মুখে পড়তে হচ্ছিল। তবে আবহাওয়ার উন্নতি হতেই শনিবার থেকে পরিস্থিতির দ্রুত পরিবর্তন হতে শুরু করেছে। সপ্তাহান্তের ছুটি কাটাতে পর্যটকরা ফের দিঘামুখী হচ্ছেন। হোটেলগুলিতে নতুন করে বুকিং বাড়ছে এবং সমুদ্র সৈকত সংলগ্ন দোকানপাটগুলিতেও ফের কেনাবেচা ও ভিড় জমতে শুরু করেছে। আবহাওয়া পরিষ্কার হলেও পর্যটকদের নিরাপত্তার বিষয়ে কোনোরকম ঝুঁকি নিতে নারাজ প্রশাসন। সমুদ্রে স্নানের ওপর জারি থাকা নিষেধাজ্ঞা কার্যকর করতে পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে সৈকত জুড়ে কড়া নজরদারি চালানো হচ্ছে। কোনো পর্যটক যাতে নিষেধাজ্ঞা অমান্য করে সমুদ্রে নামতে না পারেন, সেদিকে বিশেষ সতর্ক দৃষ্টি রাখছেন আধিকারিকরা। দিঘা-শঙ্করপুর হোটেলিয়ার্স অ্যাসোসিয়েশনের যুগ্ম সম্পাদক বিপ্রদাস চক্রবর্তী জানান, প্রাকৃতিক দুর্যোগের সময় প্রশাসনের জারি করা বিধিনিষেধের কারণে গত কয়েক দিনে পর্যটকদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে কমে গিয়েছিল। তবে শনিবার সকাল থেকে আবহাওয়ার উন্নতি হওয়ার পর পর্যটকরা আবার দিঘায় আসতে শুরু করেছেন। এর ফলে স্থানীয় পর্যটন ব্যবসা ফের ঘুরে দাঁড়াবে বলেই আশা করা হচ্ছে।

মুর্শিদাবাদ জেলায় অধীর চৌধুরীর সঙ্গে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের কোনো জোট হবে না ! বিরাট দাবি করলেন কল্যাণ ব্যানার্জি

নিজস্ব প্রতিনিধি, মুর্শিদাবাদ, ২১ নভেম্বর : রাজ্যে বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসের ভরাডুবির পর দলের সংসদীয় ও পরিষদীয় দলে নেমেছে বড়োসড়ো ভাঙন। মমতা ব্যানার্জির নেতৃত্বহীন সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সঙ্গ ছেড়ে কুড়িজন সাংসদ এনসিপিআই দলে যোগদান করেছেন। মুর্শিদাবাদ জেলার তিনটি লোকসভা কেন্দ্রের তিন তৃণমূল সাংসদও মমতা ব্যানার্জির সঙ্গ ছেড়ে নতুন দলে যোগদান করেছেন অন্যদিকে রাজ্য বিধানসভাতেও মমতা ব্যানার্জির নেতৃত্বহীন তৃণমূল কংগ্রেসের সঙ্গ ছেড়ে অভ্রব্রত ব্যানার্জির অনুগামী হয়েছেন বিধানসভা নির্বাচনে তৃণমূল প্রার্থীকে জয়ী বেশিরভাগ বিধায়ক। তাই আগামী দিন তৃণমূল কংগ্রেসের ভবিষ্যত নিয়ে অনেকেই অনিশ্চিত। তবে এরই মধ্যে শনিবার মুর্শিদাবাদ জেলায় তৃণমূল কংগ্রেসের একটি রাজনৈতিক কর্মসূচিতে যোগ দিতে এসে দলের সাংসদ কল্যাণ ব্যানার্জি দাবি করলেন, ২০২৯-এর লোকসভা নির্বাচনে 'ইন্ডিয়া' জোটের শরিক হিসেবে তাঁরা মুর্শিদাবাদ জেলার তিনটি হারানো আসনে পুনরুদ্ধার করবেন। আজ বহরমপুরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে কল্যাণ ব্যানার্জি বলেন, ডেমোক্রেটিক তৃণমূল কংগ্রেসকে দূরবীন দিয়েও দেখতে পাওয়া যাচ্ছে না। ২০২৯ সালের লোকসভা নির্বাচনে 'ইন্ডিয়া' জোট হবেই এবং আমরা এই জোটের শরিক হিসেবে জেলার তিনটি আসন বার করে নেব। সম্প্রতি অনুষ্ঠিত মুর্শিদাবাদের রেজিনগর উপনির্বাচনে মমতা তৃণমূল কংগ্রেসের প্রার্থী রবিউল আলম চৌধুরীর খারাপ ফল প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে তিনি বলেন, মাত্র ৭ দিনের সময় আমরা পেয়েছিলাম দলের নতুন প্রতীক চেনানোর জন্য। ওখানে কীভাবে ভোট হয়েছে সকলেই দেখেছেন। তবে আমাদের স্বান্ত্বনা, সিপিএম, যারা নিজেদেরকে সর্বভারতীয় দল বলে তাদের থেকে আমরা ওপরে ছিলাম। তবে কল্যাণ ব্যানার্জি আজ সাফ জানিয়ে দেন, মুর্শিদাবাদ জেলায় অধীর চৌধুরীর সঙ্গে সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের কোনো জোট হবে না। যে জোট হবে তা 'ইন্ডিয়া'র শরিক হিসেবে সর্বভারতীয় ক্ষেত্রে হবে এবং সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস 'ইন্ডিয়া' জোটের ফর্মুলা মেনেই পশ্চিমবঙ্গে আগামী নির্বাচনে লড়াই করবে। কল্যাণ ব্যানার্জি আজ আরো বলেন, আমি বিভিন্ন জায়গায় ঘুরছি। আমি নিশ্চিত আগামী নির্বাচনে কংগ্রেস এবং তৃণমূল কংগ্রেসের জোট হবেই এবং আমরা ভালো ফলাফল করবো। রাজস্থানের পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেসের ভালো ফলাফলের তারিফ করে তৃণমূল কংগ্রেসের সাংসদ কল্যাণ ব্যানার্জি বলেন, সারা ভারতেই বিজেপি বিরোধী হওয়া উঠেছে। রাজস্থানে কংগ্রেস খুব ভালো ফলাফল করেছে। এই ফলাফল থেকেই বোঝা যাচ্ছে গোটা দেশে কীভাবে বিজেপি বিরোধী হওয়া বইছে।

[illegible] হারানো প্রাপ্তি বিজ্ঞপ্তি: শ্রীমতি সাকুরা আফরোজান, স্বামী- শ্রী [illegible], ঠিকানা: [illegible], জেলা- দার্জিলিং [illegible] 07 AUG. 2023 of ADSR, Jalpaiguri [illegible] WB/2026/07027/0843 & 10849 [illegible] নং- ১১০০-১৪ [illegible] ঠিকানা: [illegible]

আবগারি দপ্তরের বিরুদ্ধে যোগসাজশের অভিযোগ, ক্ষোভে অভিযুক্তের বাড়িতে চড়াও এলাকাবাসী

নিজস্ব প্রতিনিধি, পূর্বস্থলী, ২১ নভেম্বর : লোকালয়ের মধ্যেই দীর্ঘদিন ধরে চলছিল অবৈধ চোলাই মদের কারবার। শুধু তাই নয়, এই কারবারের পিছনে আবগারি দপ্তরের কর্মীদের একাংশের সঙ্গে যোগসাজশ রয়েছে বলেও গুরুতর অভিযোগ তুলেছেন এলাকাবাসীরা। ঘটনাকে কেন্দ্র করে শনিবার ব্যাপক উত্তেজনা ছড়াল কালনা থানার অন্তর্গত নান্দাই পঞ্চায়েতের উত্তর রামেশ্বরপুর এলাকায়। স্থানীয় সূত্রে জানা গেছে, উত্তর রামেশ্বরপুর এলাকার বাসিন্দা গোবিন্দ বাগ নামে এক ব্যক্তির বিরুদ্ধে দীর্ঘদিন ধরে অবৈধ চোলাই মদের ব্যবসা চালানোর অভিযোগ রয়েছে। এলাকাবাসীদের দাবি, লোকালয়ের মধ্যেই প্রকাশ্যে এই কারবার চললেও তা বন্ধ করতে কার্যকর কোনও পদক্ষেপ করা হচ্ছিল না। এলাকাবাসীদের আরও অভিযোগ, শুক্রবার এলাকায়



আবগারি দপ্তরের কর্মীরা অভিযান চালাতে এলেও অভিযুক্ত ব্যক্তির সঙ্গে তাঁদের আচরণ ছিল অত্যন্ত স্বাভাবিক। এমনকী, অভিযুক্তের সঙ্গে হাসি-ঠাট্টা করে কথা বলেই তাঁরা এলাকা ছেড়ে চলে যান বলে অভিযোগ। সেই সময় এলাকার এক যুবতী গোটা ঘটনার ভিডিও মোবাইলে রেকর্ড করতে গেলে তাঁর মোবাইল ফোন কেড়ে নেওয়া হয় এবং রেকর্ড করা ভিডিও মুছে দেওয়া হয় বলেও অভিযোগ উঠেছে। এই ঘটনায় আবগারি দপ্তরের ভূমিকা নিয়ে আরও বেশি সন্দেহ ও ক্ষোভ তৈরি হয় স্থানীয় বাসিন্দাদের মধ্যে। এরপর শনিবার ক্ষোভে ফেটে পড়েন এলাকাবাসীরা। তাঁরা অভিযুক্ত গোবিন্দ বাগের বাড়িতে চড়াও হন। সেখানে তল্লাশি চালিয়ে প্রায় ৫০ ড্রাম অবৈধ চোলাই মদ উদ্ধার হয়েছে বলে দাবি স্থানীয়দের। উদ্ধার হওয়া সেই মদ এলাকাবাসীরা ফেলে নষ্ট করে দেন। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ধাত্রীগ্রাম ফাঁড়ির পুলিশ। পরিস্থিতি সামাল দেওয়ার পাশাপাশি অভিযুক্ত গোবিন্দ বাগ-সহ আরও এক ব্যক্তিকে আটক করে নিয়ে যায় পুলিশ। তবে এই ঘটনাকে ঘিরে একাধিক প্রশ্ন উঠতে শুরু করেছে। জনবসতিপূর্ণ এলাকার মধ্যে কীভাবে এতদিন ধরে বিপুল পরিমাণ অবৈধ চোলাই মদের কারবার চলছিল? আবগারি দপ্তরের নজরদারি থাকা সত্ত্বেও কীভাবে এই ব্যবসা চলছিল? শুক্রবারের অভিযানে কী ভূমিকা ছিল দপ্তরের কর্মীদের? যুবতীর মোবাইল থেকে ভিডিও মুছে দেওয়ার অভিযোগই বা কতটা সত্য? এলাকাবাসীদের অভিযোগের নিরপেক্ষ তদন্ত এবং অবৈধ মদের কারবারের সঙ্গে যুক্ত প্রত্যেকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। এখন পুলিশের তদন্তে কী তথ্য উঠে আসে এবং আবগারি দপ্তরের ভূমিকা নিয়ে ওঠা অভিযোগের কী জবাব মেলে, সেদিকেই তাকিয়ে রয়েছেন এলাকার বাসিন্দারা।

ক্ষতিগ্রস্ত চাষিদের পাশে বিধায়ক সুভাষ পাত্র

সুজিত দত্ত, বর্ধমান, ২১ নভেম্বর : অতিবৃষ্টির জেরে পূর্ব বর্ধমানের রায়না-২ ব্লকের গোতান অঞ্চলে ব্যাপক ক্ষতির আশঙ্কা দেখা দিয়েছে আলু চাষে। হরিদপুর, আতাপুর ও কুবসিমুল এলাকায় বিঘার পর বিঘা



আলুর জমি জলের তলায়। স্থানীয় সূত্রে খবর, প্রায় ২ হাজার বিঘা জমিতে আলু চাষ হয়েছে। কিন্তু লাগাতার বৃষ্টিতে জমিতে জল জমে যাওয়ায় ফসল নষ্ট হওয়ার আশঙ্কায় উদ্বিগ্ন কৃষকরা। চাষের জন্য ইতিমধ্যেই বিপুল অর্থ বিনিয়োগ করেছেন কৃষকরা। এই পরিস্থিতিতে ফসলের ক্ষতি হলে কীভাবে চাষের খরচ উঠবে, তা নিয়ে দুশ্চিন্তায় দিন কাটছে তাদের। শনিবার ক্ষতিগ্রস্ত এলাকাগুলি পরিদর্শন করেন রায়নার বিধায়ক সুভাষ পাত্র। তিনি কৃষকদের সঙ্গে কথা বলে তাঁদের সমস্যার কথা শোনেন এবং বিপদের সময় পাশে থাকার আশ্বাস দেন। এদিন তার সঙ্গে উপস্থিত ছিলেন বিধায়ক প্রতিনিধি সজল দাঁ, আদিত্য মালিক, ৬ নম্বর মণ্ডল সভাপতি অভিজিৎ পড়েল, সাধারণ সম্পাদক তাপস বাগ, শক্তিকেন্দ্র প্রমুখ প্রদীপ্ত নন্দী-সহ অন্যান্য দলীয় নেতা ও কর্মীরা। প্রাকৃতিক দুর্যোগে আলু চাষের ব্যাপক ক্ষতির আশঙ্কায় গোতান অঞ্চলের কৃষকদের মধ্যে উদ্বেগ বাড়ছে। এখন সরকারি সাহায্য ও উপযুক্ত ক্ষতিপূরণের আশায় রয়েছেন ক্ষতিগ্রস্ত চাষীরা।

সাহিবগঞ্জে ১২ মিটার প্রশস্ত ফুট ওভার ব্রিজের গার্ডার স্থাপনের কাজ সফলভাবে সম্পন্ন করল পূর্ব রেল

কলকাতা, ২১ নভেম্বর : মালদা ডিভিশনের তৃতীয় ১২ মিটার প্রশস্ত ফুট ওভার ব্রিজ (এফওবি) হিসেবে সাহিবগঞ্জে এই ১২ মিটার প্রশস্ত ফুট ওভার ব্রিজের গার্ডার স্থাপনের কাজটি ২১.১১.২০২৬ তারিখে ৪.৫ ঘণ্টার একটি অনুমোদিত ব্লকের সময়কালে আরপিএফ টিম / মালদা দ্বারা সফলভাবে এবং নিরাপদে সম্পন্ন করা হয়েছে। পূর্ব রেলের জেনারেল ম্যানেজার গীতিকা পাণ্ডের দূরদর্শী নির্দেশনায়, পূর্ব রেল নিরাপত্তার সর্বোচ্চ মান বজায় রেখে যাত্রী স্বাচ্ছন্দ্য এবং স্টেশন পরিকাঠামো সুদৃঢ় করতে প্রতিশ্রুতিবদ্ধ। রাত ০০.৫৫ ঘটিকা থেকে ভোর ০৫.২৫ ঘটিকা পর্যন্ত ব্লকটি মঞ্জুর করা হয়েছিল এবং অবশেষে ভোর ০৫.৪২ ঘটিকায় তা ক্লিয়ার করা হয়। চতুর্থ গার্ডারটি স্থাপনের পর কাজের চলাকালীন বৃষ্টিপাতের কারণে নির্ধারিত সময়ের চেয়ে ১৭ মিনিট বেশি সময় লাগে। বৃষ্টির কারণে গার্ডারের উপরিভাগ পিচ্ছিল হয়ে যাওয়ায় শ্রমিকদের নিরাপদে চলাফেরা করতে অসুবিধা হয় এবং কাজটি সম্পূর্ণ করতে অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়। চিফ অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (আরএসপি) প্রবীণ খুরানা এবং মালদা ডিভিশনের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার মনীশ কুমার গুপ্তের নিবিড় তত্ত্বাবধান ও নেতৃত্বে দলটি আবহাওয়ার এই প্রতিকূলতা সুষ্ঠুভাবে মোকাবিলা করে এবং কর্মীদের নিরাপত্তার সাথে কোনো আপস না করেই কাজটি সম্পন্ন করে। নবনির্মিত এই ফুট ওভার ব্রিজটিতে ০১টি স্প্যান রয়েছে যার সামগ্রিক গার্ডারের দৈর্ঘ্য ৩২.১৮ মিটার এবং এতে মোট ১১টি গার্ডার ব্যবহৃত হয়েছে, যেখানে প্রতিটি গার্ডারের ওজন ৮ মেট্রিক টন। এই ভারী উত্তোলনের কাজটি নিরাপদে সম্পন্ন করার জন্য একটি ২৫০ মেট্রিক টন ক্ষমতাসম্পন্ন রোড ক্রেন মোতায়েন



করা হয়েছিল, যার পাশাপাশি ঘটনাস্থলে স্ট্যান্ডবাই ব্যবস্থা হিসেবে একটি অতিরিক্ত ক্রেন এবং একটি হাইড্রা প্রস্তুত রাখা হয়েছিল। ব্লক চলাকালীন ৭৭টি ডায়াগ্রামের মধ্যে ২৪ টি স্থাপন করা হয়েছে এবং ৩০টি এলইডি ফ্লাডলাইট ও ২৫ কেভিএ ক্ষমতাসম্পন্ন একটি ডিজি সেটের মাধ্যমে সমগ্র কর্মস্থলটি সুপরিকল্পিতভাবে আলোকিত রাখা হয়েছিল। এই সাফল্যের বিষয়ে বলতে গিয়ে পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক শিবরাম মাঝি জানান যে, কাজের মাঝপথে অপ্রত্যাশিত বৃষ্টি এবং পিচ্ছিল কর্মপরিবেশ সত্ত্বেও মালদা দল ন্যূনতম বিলম্বে সাহিবগঞ্জ এফওবি-র গার্ডার স্থাপনের কাজ নিরাপদে সম্পন্ন করেছে, যাতে যাত্রীদের আরও উন্নত সুবিধা এবং নিরাপদ যাতায়াত নিশ্চিত করা যায়।

ক্লোরিনেশন প্ল্যান্টের রক্ষণাবেক্ষণ

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং: 81/W-2/APDJ, তারিখ: 19-11-2026। নিম্নলিখিত কাজের জন্য নিয়মানুবর্তীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। টেন্ডার নং: 32-AP-II-2026। কাজের সংক্ষিপ্ত বিবরণ: আলিপুরদুয়ার জংশন-এসএসই /ওয়ার্ক/I/আলিপুরদুয়ার জং। [illegible] টেন্ডার মূল্য: ১৫,৭৭,৮১২.২০ টাকা, বিড সিকিউরিটি: ৩১,৬০০.০০ টাকা। ই-টেন্ডার বন্ধ হবে ১০-১২-২০২৬ তারিখের ১২.০০ ঘটিকায় এবং খোলা হবে ১০-১২-২০২৬ তারিখের ১২.৩০ ঘটিকায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য http://www.ireps.gov.in ওয়েবসাইটে ১০-১২-২০২৬ তারিখের ১২.০০ ঘটা পর্যন্ত পাওয়া যাবে।

ডিআরএম (ওয়ার্কস), আলিপুরদুয়ার জং.
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
গ্রাহকদের হাসিমুখে সেবায়

পুণ্য করতে এসে 'অদ্ভুত' দুর্ঘটনায় প্রাণ গেল প্রৌঢ়ার

নিজস্ব প্রতিনিধি, মুর্শিদাবাদ, ২১ নভেম্বর : স্বামীর সঙ্গে ভাগীরথী নদীতে স্নান করতে এসে এক অদ্ভুত দুর্ঘটনায় মৃত্যু হল এক প্রৌঢ়ার। ঘটনাটি ঘটেছে শনিবার সকালে মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত সদরঘাট এলাকায়। মৃত ওই মহিলার নাম জবা রানী সাহা (৬০)। তাঁর বাড়ি ষষ্ঠীতলা এলাকায়। শনিবার সকালে জবা রানী সাহা তাঁর স্বামী সুকুমার সাহার সঙ্গে ভাগীরথী নদীতে স্নান এবং পূজা-অর্চনা করার জন্য এসেছিলেন। সেই সময় তিনি অদ্ভুত একটি দুর্ঘটনার সম্মুখীন হন। স্থানীয় সূত্রে জানা গেছে শনিবার সকালে সুকুমার সাহা এবং জবা রানী সাহা একসঙ্গেই রঘুনাথগঞ্জের সদরঘাটে ভাগীরথী নদীতে স্নান সারেন। এরপর তাঁরা ঘাটের পাশে দাঁড়িয়ে জামাকাপড় পরিবর্তন করছিলেন। সেই সময় হঠাৎই একটি ফাঁকা টোটো নিয়ন্ত্রণ হারিয়ে জবা রানী সাহাকে পেছন থেকে এসে ধাক্কা মারে। আচমকা এই ধাক্কায় নিয়ন্ত্রণ রাখতে না পেরে জবা রানী সাহা ভাগীরথী নদীর ঘাটে পড়ে যান। এরপর টোটোটি তাঁকে ধাক্কা মারতে মারতে নদীর শেষ প্রান্তে নিয়ে গিয়ে ওপর দিয়ে চলে যায়। এরপর টোটোটি ভাগীরথী নদীতে পড়ে যায় এবং জবা রানী সাহাও নদীর জলে পড়েন। ঘটনার এক প্রত্যক্ষদর্শী জানান, ওই মহিলা ঘাটের একপাশে দাঁড়িয়ে কাপড় পরিবর্তন করছিলেন। সেই সময় এক টোটো চালক নিজের টোটোটিকে ভাগীরথী নদীর পাড়ে রেখে চা খেতে গিয়েছিলেন। সম্ভবত টোটোটির 'হ্যান্ড ব্রেক' লাগানো না থাকায় হঠাৎই সেটি গড়িয়ে নদীর ঢাল বরাবর নামতে থাকে। সেই সময় নদীর ঘাটে দাঁড়িয়ে কাপড় পরিবর্তন করছিলেন জবা রানী সাহা। টোটোটি তাঁকে পেছন থেকে সজোরে ধাক্কা মারে। ওই মহিলা নিয়ন্ত্রণ রাখতে না পেরে গড়িয়ে নদীর ঘাট থেকে জলে পড়ে যান। এরপর টোটোটিও নদীর জলে গিয়ে পড়ে। জবা রানী সাহার স্বামী সুকুমার সাহা বলেন, আমি এবং আমার স্ত্রীর নদীর ঘাটের দু'প্রান্তে দাঁড়িয়ে কাপড় পরিবর্তন করছিলাম। সেই সময় হঠাৎই চালকবিহীন একটি টোটো আমার স্ত্রীকে পেছন থেকে এসে ধাক্কা মারে। আমার স্ত্রী নিয়ন্ত্রণ রাখতে না পেরে নদীর জলে পড়ে যান। টোটো চালকের দায়িত্বজ্ঞানহীন আচরণের জন্যই এই দুর্ঘটনাটি ঘটে। আমার স্ত্রীর মাথা, থুতনি এবং শরীরের একাধিক জায়গায় গুরুতর আঘাত লাগে। স্থানীয় মানুষের তৎপরতায় তাঁকে জঙ্গিপুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। কিন্তু সেখানেই তাঁর মৃত্যু হয়।

জয়পুরে অবৈধ কয়লা পাচারের অভিযোগে গ্রেপ্তার ২

শেফালী মাহাতো, পুরুলিয়া, ২১ নভেম্বর : অবৈধভাবে কয়লা পাচারের অভিযোগে দুটি টোটো সহ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করল পুরুলিয়ার জয়পুর থানার পুলিশ। ধৃতদের নাম পরেশ বাউরি (৩৭) এবং মধুসূদন মাহাতো (৪০)। পরেশ বাউরির বাড়ি জয়পুর থানার মুকুন্দপুর গ্রামে এবং মধুসূদন মাহাতোর বাড়ি ওই থানারই কাদুলাগ গ্রামে। ধৃতদের এদিন (শনিবার) আদালতে তোলা হলে বিচারক তাদের দুদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। পুলিশ সূত্রে জানা গেছে, গতকাল অর্থাৎ শুক্রবার রাতে জয়পুর থানার পুলিশ এলাকায় মোবাইল ডিউটি করার সময় বাগ্রি নাগাদ গোপন সূত্রে খবর পাই যে, দুটি টোটোতে করে জয়পুর রেল স্টেশনের দিক থেকে ধাবানি গ্রামের দিকে অবৈধ কয়লা নিয়ে যাওয়া হচ্ছে। খবর পেতেই পুলিশ বাহিনী পুরুলিয়া-রাঁচি রোডে জয়পুর বিশাল মন্দির কাছে ওত পেতে থাকে। সন্দেহভাজন টোটো দুটি সেখানে পৌঁছাতেই পুলিশ সেগুলিকে আটকায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে টোটো চালকরা গাড়ি ফেলে পালানোর চেষ্টা করলে পুলিশ ধাওয়া করে দুজনকে ধরে ফেলে। তল্লাশি চালিয়ে দুটি টোটো থেকে মোট ২৫ বস্তা স্টিম কয়লা উদ্ধার হয়। প্রতিটি বস্তায় প্রায় ৪০ কেজি করে, অর্থাৎ সব মিলিয়ে প্রায় ১,০০০ কেজি বা ১০ কুইন্টাল কয়লা ছিল। কয়লার কোনো বৈধ কাগজপত্র বা চালান দেখাতে না পারায় পুলিশ কয়লা সহ টোটো দুটি বাজেয়াপ্ত করে এবং চালকদের গ্রেপ্তার করে। পুলিশি জেরায় ধৃতরা অপরাধ স্বীকার করেছে এবং জানিয়েছে যে, গড়জয়পুরের বাসিন্দা অচিন্ত্য মুখার্জি নামে এক ব্যক্তি ফোনে তাদের সঙ্গে যোগাযোগ করে ওই কয়লা অবৈধভাবে ধাবানি গ্রামে পৌঁছে দেওয়ার বরাত দিয়েছিল। ধৃতদের হেফাজতে নিয়ে পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে এবং মূল অভিযুক্তের খোঁজে তল্লাশি চালাচ্ছে।

পূর্ব রেলের উদ্যোগে বিশেষ সক্ষমতাসম্পন্ন কর্মীদের জন্য সচেতনতা ও শিক্ষামূলক সেমিনারের আয়োজন

কলকাতা, ২১ নভেম্বর : পূর্ব রেলের জেনারেল ম্যানেজার গীতিকা পাণ্ডের দক্ষ নির্দেশনা ও তত্ত্বাবধানে ২০ নভেম্বর ২০২৬ তারিখে ফেয়ারলি প্লেসে পূর্ব রেলের উদ্যোগে বিশেষ সক্ষমতাসম্পন্ন কর্মীদের জন্য একটি সচেতনতামূলক ও শিক্ষামূলক সেমিনারের আয়োজন করা হয়। রেল প্রতিষ্ঠানে কর্মরত বিশেষ সক্ষমতাসম্পন্ন কর্মীদের অধিকার, প্রাপ্য সুযোগ-সুবিধা, বিভিন্ন সুবিধা ও দায়িত্ব সম্পর্কে আরও বেশি সচেতনতা গড়ে তোলাই ছিল এই উদ্যোগের মূল উদ্দেশ্য। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব রেলের প্রিন্সিপাল চিফ পার্সোনেল অফিসার ডাঃ মহুয়া ভার্মা-সহ অন্যান্য পদস্থ আধিকারিক ও কর্মীবৃন্দ। অনুষ্ঠানে বিশেষ অতিথি বক্তা ও রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত



ছিলেন ন্যাশনাল প্ল্যাটফর্ম ফর দ্য রাইট অফ দ্য ডিজেবলড-এর যুগ্ম সচিব এবং কলকাতার শ্রুতি ডিজেবিলিটি রাইটস সেন্টারের প্রতিষ্ঠাত্রী-পরিচালক সম্পা সেনগুপ্ত। পূর্ব রেলের প্রিন্সিপাল চিফ পার্সোনেল অফিসার ডাঃ মহুয়া ভার্মার আনুষ্ঠানিকভাবে প্রদীপ প্রজ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা হয়। এই উপলক্ষে রেল প্রতিষ্ঠানে কর্মরত বিশেষ সক্ষমতাসম্পন্ন ব্যক্তিদের জন্য প্রযোজ্য বিভিন্ন সুযোগ-সুবিধা, বিধি ও নিয়মাবলি সংবলিত একটি পুস্তিকা প্রকাশ করা হয়। এই প্রকাশনার মূল উদ্দেশ্য হল, বিশেষ সক্ষমতাসম্পন্ন কর্মীদের তাঁদের অধিকার, প্রাপ্য সুযোগ-সুবিধা ও বিভিন্ন বিধান সম্পর্কে আরও সুস্পষ্ট ধারণা প্রদান করা। উপস্থিত কর্মীদের উদ্দেশ্যে বক্তব্য রাখতে গিয়ে ডাঃ মহুয়া ভার্মা পূর্ব রেলের বিশেষ সক্ষমতাসম্পন্ন কর্মীদের জন্য প্রদত্ত বিভিন্ন সুযোগ-সুবিধা, পরিষেবা ও সহায়তা ব্যবস্থার বিষয়ে বিস্তারিত আলোকপাত করেন। তিনি উপলব্ধ সুযোগ-সুবিধা ও প্রযোজ্য বিধান সম্পর্কে সচেতনতার গুরুত্ব তুলে ধরেন এবং কর্মীদের তাঁদের জন্য বরাদ্দ সুযোগ-সুবিধা ও অধিকারগুলির পূর্ণ সদ্ব্যবহার করার আহ্বান জানান। সেমিনারে সম্পা সেনগুপ্ত বিশেষ সক্ষমতাসম্পন্ন কর্মীদের বিভিন্ন সুযোগ-সুবিধা, প্রাসঙ্গিক নিয়মাবলি এবং দায়িত্ব সম্পর্কে তথ্যসমৃদ্ধ ও তাৎপর্যপূর্ণ বক্তব্য রাখেন। সকলের কাছে বিষয়গুলি সহজবোধ্য ও গ্রহণযোগ্য করে তুলতে তিনি সাংকেতিক ভাষারও ব্যবহার করেন। তাঁর সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে অংশগ্রহণকারীরা প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার, কর্মক্ষেত্রে তাঁদের জন্য প্রযোজ্য বিভিন্ন সুযোগ-সুবিধা এবং অন্তর্ভুক্তিমূলক কর্মপরিবেশের গুরুত্ব সম্পর্কে আরও সুস্পষ্ট ধারণা লাভ করেন। এই প্রসঙ্গে পূর্ব রেলের চিফ পাবলিক রিলেশনস অফিসার শিবরাম মাঝি জানান যে, এই সেমিনার বিশেষ সক্ষমতাসম্পন্ন কর্মীদের জন্য অন্তর্ভুক্তিমূলক পরিবেশ, সমান সুযোগ এবং মর্যাদা নিশ্চিত করার লক্ষ্যে পূর্ব রেলের ধারাবাহিক অঙ্গীকারেরই প্রতিফলন। তিনি আরও বলেন, তাঁদের অধিকার ও প্রাপ্য সুযোগ-সুবিধা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা একটি আরও সহজলভ্য, সহায়ক ও বিশেষ সক্ষমতাবান্ধব কর্মপরিবেশ গড়ে তোলার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

e-Tender Notice

e-tender are invited by Prodhan, Eral Gram Panchayat under Aus-II PANCHAYAT SAMITY, Dist. Purba Bardhaman, from resourceful/ bonafide contractors with experience and requisite credential vide NIeT No- EGP/755 Dt-21/11/2026. Last Dt. of application 28/11/2026 up to 18:00 IST. For details visit the website https://www.wbtenders.gov.in

Sd/- Prodhan
Eral Gram Panchayat

তিনসুকিয়া ডিভিশনের অধীনে ইঞ্জিনিয়ারিং কাজ

ই-টেন্ডার বিজ্ঞপ্তি নং. TSK/Engg/63 of 2026, তারিখ 19-11-2026। নিয়মানুবর্তীর দ্বারা নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। আইটেম নং.১, আইটেমের সংক্ষিপ্ত বিবরণ: নিউ তিনসুকিয়া-লাইন নং.- ৩ ও ৪র মধ্যে কুইক ওয়াটারিং সিস্টেমের জন্য বার্ষিকভাবে সুবিধার নির্মাণ। টেন্ডার মূল্য: ২৯,৮৩,১১৪/- টাকা, বায়নার অর্থ: ৫৪,৭০০/- টাকা। আইটেম নং.২, আইটেমের সংক্ষিপ্ত বিবরণ: [illegible] তিনসুকিয়া অধিক্ষেত্রে অধীনে নিউ তিনসুকিয়া বাগান-এর ১৮ মাস-এর জন্য রক্ষণাবেক্ষণ। টেন্ডার মূল্য: ৪২,৭২,৫৬৬/-টাকা, বায়নার অর্থ: ৮৪,৬০০/- টাকা। ই-টেন্ডার ১০-১২-২০২৬ তারিখের ১৫:০০ ঘটিকায় বন্ধ হবে এবং ১০-১২-২০২৬ তারিখের ১৫:৩০ ঘটিকায় খোলা হবে। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার নথি সহ সম্পূর্ণ তথ্য ১০-১২-২০২৬ তারিখের ১৫:০০ ঘটা পর্যন্ত http://www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ওয়ার্ক)/তিনসুকিয়া
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
গ্রাহকদের হাসিমুখে সেবায়

FUSION CX LIMITED

CIN: U72900WB2004PLC097921

+91-33-4508 6520 / +91-90738 93564

secretarial@fusioncx.com • https://www.fusioncx.com

23তম বার্ষিক সাধারণ সভা ও সম্পর্কিত তথ্য

[illegible] 23তম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") সোমবার, 14 ডিসেম্বর, 2026, বিকেল 5:00টায় (ভা.প্র.স.) [illegible] 2013 [illegible] 03/2026, তারিখ 22 সেপ্টেম্বর, 2025 [illegible]

23তম এজিএম-এর বিজ্ঞপ্তি ও বার্ষিক 2025-26 [illegible] https://www.fusioncx.com [illegible] (www.bseindia.com) [illegible] (www.nseindia.com) [illegible] www.evotingindia.com [illegible]

[illegible] 2025-26 [illegible] ₹0.75 (75%) [illegible] 30 [illegible] 12 [illegible] 27 নভেম্বর, 2026 [illegible] 2025 [illegible]

• [illegible] ISR-1 [illegible] ISR-2, ISR-3, SH-13 / SH-14 [illegible] 31 ও 32 [illegible] 500032 [illegible] 1800-309-4001; ই-মেইল: einward.ris@kfintech.com [illegible]

• [illegible]

[illegible] 11 ডিসেম্বর, 2026, সকাল 9:00টা (ভা.প্র.স.) [illegible] 13 ডিসেম্বর, 2026, বিকেল 5:00টা (ভা.প্র.স.) [illegible] 8 ডিসেম্বর, 2026 [illegible]

স্থান: কলকাতা
তারিখ: 21 নভেম্বর, 2026

ফিউশন সিএক্স লিমিটেড-এর পক্ষে
[illegible]
সদস্যপদ নং: A32667

ভিবি-জি রাম জি প্রকল্পে ঝাড়গ্রাম জেলায় প্রথম পঞ্চায়েত ভবন তৈরির উদ্যোগ

স্বপ্নীল মজুমদার, ঝাড়গ্রাম, ২১ নভেম্বর : নতুন প্রকল্পে গ্রাম পঞ্চায়েতের পরিকাঠামো উন্নয়নে উদ্যোগী হল প্রশাসন। বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) বা ভিবি-জি রাম জি প্রকল্পের অর্থে ঝাড়গ্রাম জেলায় এই প্রথম তৈরি হতে চলেছে গ্রাম পঞ্চায়েত ভবন। সাঁকরাইল ব্লকের খুদমরাই গ্রাম পঞ্চায়েতে এই ভবন নির্মাণের জন্য বরাদ্দ হয়েছে ২৯ লক্ষ ৯৯ হাজার ৯৫২ টাকা। শনিবার সাঁকরাইলের বিডিও অভিষেক ঘোষের উপস্থিতিতে প্রস্তাবিত ভবনের ভূমি পূজন ও শিলান্যাস হয়। দীর্ঘদিনের দাবি পূরণ হতে চলায় খুশি পঞ্চায়েত কর্তৃপক্ষ। প্রশাসন সূত্রে জানা গেছে, খুদমরাই গ্রাম পঞ্চায়েতের বর্তমান ভবনের পরিসর বাড়ানোর প্রয়োজনীয়তা দীর্ঘদিনের। পঞ্চায়েতের দৈনন্দিন কাজকর্ম পরিচালনা থেকে শুরু করে সাধারণ মানুষকে বিভিন্ন সরকারি পরিষেবা দেওয়ার ক্ষেত্রে অতিরিক্ত পরিকাঠামোর প্রয়োজন ছিল। কিন্তু অর্থের সংস্থান না হওয়ায় এত দিন সেই উদ্যোগ বাস্তবায়িত করা সম্ভব হয়নি। এবার ভিবি-জি রাম জি প্রকল্পের অর্থে সেই কাজ বাস্তবায়িত হতে চলেছে। উল্লেখযোগ্য বিষয়, এই প্রকল্পের মাধ্যমে গ্রাম পঞ্চায়েত ভবন নির্মাণের উদ্যোগ ঝাড়গ্রাম জেলায় প্রথম। বিডিও অভিষেক ঘোষ জানান, প্রস্তাবিত ভবনের একতলায় ১২০০ বর্গফুট এবং দোতলায় ১৫০০ বর্গফুট জায়গা থাকবে। অর্থাৎ, দু'টি তল মিলিয়ে মোট ২৭০০ বর্গফুট



আয়তনের ভবন তৈরি হবে। নতুন ভবন তৈরি হলে পঞ্চায়েতের প্রশাসনিক কাজকর্ম পরিচালনার ক্ষেত্রে যেমন সুবিধা হবে, তেমনই সাধারণ মানুষের পরিষেবা পাওয়ার পরিসরও বাড়বে। শনিবারের শিলান্যাস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিডিও অভিষেক ঘোষ, পঞ্চায়েত উন্নয়ন আধিকারিক আলম আনসারি, জুনিয়র প্রোগ্রাম অফিসার প্রীতম দাস, নির্মাণ সহায়ক বিজয় পাত্র, পঞ্চায়েতের নির্বাহী সহায়ক তারাপদ বর্মন, স্থানীয় সমাজসেবী হরেন মাহাতো ও পুলক মাহাতো। এছাড়াও অন্যান্য বিশিষ্ট ব্যক্তি ও স্থানীয় জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

সিউড়ি থানায় হাজিরা পাথর ব্যবসায়ী টুলু মণ্ডলের

নিজস্ব প্রতিনিধি, বীরভূম, ২১ নভেম্বর : পশ্চিমবঙ্গের বীরভূম জেলার মহম্মদ বাজারের পাথর ব্যবসায়ী টুলু মণ্ডল শনিবার সিউড়ি থানায় জিজ্ঞাসাবাদের জন্য হাজিরা দিলেন। তিনি কালো রঙের একটি মার্সিডিজ গাড়িতে চেপে থানায় পৌঁছান। এর আগে শুক্রবার বিদেশ থেকে ফেরার পর তিনি কলকাতার সিজিওতে দফতর ভবানী ভবনে হাজিরা দিয়েছিলেন। শুক্রবারই সিউড়ি থানার পুলিশ তাঁকে তলব করেছিল এবং শনিবার দুপুর ১২টার মধ্যে উপস্থিত হওয়ার নির্দেশ দিয়েছিল। তবে তিনি দুপুর ১টা নাগাদ থানায় পৌঁছান। টুলু মণ্ডলের বিরুদ্ধে হাজার হাজার ভুয়ো ডিসিআর (ডিজিটাল চালান রসিদ) ব্যবহার এবং কোটি কোটি টাকা তছরুপের অভিযোগ রয়েছে। অন্যদিকে, তাঁর আত্মীয় মীনা মণ্ডলের বাড়ি থেকে প্রায় ২৮ কোটি টাকা নগদ এবং কয়েক কিলোগ্রাম সোনা উদ্ধারের ঘটনাও সামনে এসেছিল। সূত্রের খবর, এই সংক্রান্ত বিষয়েই সিউড়ি থানার পুলিশ টুলু মণ্ডলকে জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠিয়েছে। ভুয়ো ডিসিআর-এর মাধ্যমে কোটি কোটি টাকার কথিত দুর্নীতির অভিযোগে গত কয়েক মাস ধরেই তদন্তকারী সংস্থাগুলির নজরে ছিলেন টুলু মণ্ডল। সূত্রের দাবি, তাঁর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছিল এবং ইন্টারপোলের মাধ্যমে তাঁর নামে রেড কর্নার নোটিসও জারি করা হয়েছিল। সম্প্রতি সুপ্রিম কোর্ট নির্দেশ দেয় যে, ১৭ নভেম্বরের মধ্যে টুলু মণ্ডলকে ভারতে ফিরতে হবে। আইনি রক্ষাকবচ পাওয়ার পর তিনি বিদেশ থেকে দেশে ফেরেন। দেশে ফেরার পরই তাঁকে তদন্তকারী সংস্থা ও পুলিশের সামনে হাজিরা দিতে হচ্ছে।

দুর্গাপুরের চুরি যাওয়া টাটা সুমো উদ্ধার বিহারে, ধৃত ১

নিজস্ব প্রতিনিধি, দুর্গাপুর, ২১ নভেম্বর : অভিযোগ পাওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই চুরি যাওয়া গাড়ি উদ্ধার হল বিহারের ঔরঙ্গাবাদে। ঘটনায় গাড়ি পাচার চক্রের এক পাণ্ডাকে গ্রেপ্তার করল দুর্গাপুর কোকওভেন থানার পুলিশ। ঘটনাকে ঘিরে আবার, গাড়ি হাইজ্যাক চক্রের সক্রিয়তার প্রশ্ন উঠেছে। পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতের নাম মনোজ চক্রবর্তী। শনিবার ধৃতকে দুর্গাপুর মহকুমা আদালতে তোলা হলে বিচারক তার জামিন খারিজ করে দেন। থানার অভিযোগে জানা গেছে, গত ১৯ নভেম্বর দুর্গাপুর বাসস্ট্যান্ড থেকে একটি টাটা সুমো গাড়ি চুরি হয়। গাড়ির মালিক রমেশ কুমার সিং রাতুরিয়া হাউসিং কলোনির বাসিন্দা। তিনি জানান, ওইদিন দুপুরে গাড়ি বাসস্ট্যান্ড সংলগ্ন পেট্রোল পাম্পের সামনে রেখে খাবার খেতে বাড়ি গিয়েছিলাম। বিকালে ফিরে এসে দেখি, গাড়ি উধাও। তারপর কোকওভেন থানায় গাড়ি চুরির অভিযোগ দায়ের করি। অভিযোগ পাওয়ার পরই দ্রুত তদন্তে নামে কোকওভেন থানার পুলিশ। একটি বিশেষ পুলিশ দল গঠন করে তদন্তে নেমে পুলিশ সূত্র মারফত গুরুত্বপূর্ণ খবর পায়। সেই সূত্র ধরেই বিহারের ঔরঙ্গাবাদে অভিযান চালিয়ে অভিযোগ পাওয়ার ২৪ ঘণ্টার মধ্যেই চুরি যাওয়া গাড়িটি উদ্ধার করা হয় এবং মনোজ চক্রবর্তীকে গ্রেপ্তার করা হয়। ধৃতের কাছ থেকে চুরি যাওয়া গাড়িটি বাজেয়াপ্ত করেছে পুলিশ। শনিবার ধৃতকে দুর্গাপুর মহকুমা আদালতে পেশ করা হয়। এই গাড়ি চুরি চক্রে আরও কেউ জড়িত রয়েছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ।